দৈনিক ইনকিলাব ৩৭

তারিখ ... 01 NOV 1992 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৩ ...

# নৈর্ব্যক্তিক পরীক্ষা বহালের দাবীতে ছাত্র বিক্ষোভ ভাংচুর অব্যাহত

*॥ স্টাফ রিপোর্টার ॥*

এসএসসি পরীক্ষায় টাস্ক ফোর্সের ৫০০ প্রশ্ন বহাল রাখার দাবীতে স্কুল ছাত্রদের বিক্ষোভ অব্যাহত রয়েছে। গতকাল তৃতীয় দিনের মত সমাবেশ ও বিক্ষোভ মিছিল চলাকালে ঢাকা, মুন্সীগঞ্জ, টাঙ্গাইলে ও নরসিংদীতে প্রায় ৫০টি

শেষ পৃঃ ...এর কঃ দেখুন

## ছাত্র বিক্ষোভ

প্রথম পৃষ্ঠার পর

যানবাহন ভাঙ্গচুর করা হয়। পুলিশের সাথে সংঘর্ষের এক পর্যায়ে ছাত্ররা ফুটপাত ও ফুটপাতের পাশে দোকানপাটে ইট পাটকেল নিক্ষেপসহ পথচারীদের নাজেহাল করে। সংঘর্ষ ও লাঠিচার্জে আহত হয়েছে ২৫ জন। পুলিশ শতাধিক ছাত্রকে গ্রেফতার করেছে। গতকাল দুপুরের দিকে স্কুল ছাত্ররা জাতীয় প্রেস ক্লাবের সামনে জড়ো হয়ে এসএসসি পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে সরকারী সিদ্ধান্তের প্রতিবাদ জানায়। তাদের মতে, গত এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে টাস্কে ফোর্সের ৫০০ প্রশ্নের ভিত্তিতে। কিন্তু সরকার প্রশ্ন সংখ্যা বৃদ্ধির সিদ্ধান্ত নিয়েছেন। ছাত্ররা সরকারের সিদ্ধান্ত বাতিল করার দাবী জানিয়ে বলে, পূর্বের পদ্ধতি বহাল রাখতে হবে। তা না হলে ছাত্ররা বৃহত্তর আন্দোলন করবে।

বেলা ২টার দিকে ছাত্ররা বিক্ষোভ মিছিল বের করার উদ্যোগ নিলে অপ্রীতিকর ঘটনা ঘটে। এক দল ছাত্র গণপূর্ত ও শিক্ষা অধিদফতরের সামনে গিয়ে যানবাহন ভাঙ্গচুর করে। প্রেস ক্লাবের উল্টো দিকে বিএমএ ভবনের সামনে পার্ক করা যানবাহন ভাঙ্গচুর করে। এ সময় পুলিশ লাঠিচার্জ করলে ছাত্ররা ইটপাটকেল নিক্ষেপ করে পালাতে থাকে। এক পর্যায়ে দোকানপাটে ইটপাটকেল নিক্ষেপ করে। পুলিশের লাঠিচার্জে প্রায় ১০ জন আহত হয়। ছাত্ররা ১২টি যানবাহন ভাঙ্গচুর করে। একই সময় মীরপুর কাজীপাড়া ও পল্লবীতে ছাত্ররা মিছিল বের করে ৫/৬টি গাড়ী ভাঙ্গচুর করে। পুলিশ ধাওয়া দিয়ে ১২ জন ছাত্রকে গ্রেফতার করে। অন্যদিকে দুপুরে কাকরাইলে শতাধিক ছাত্র মিছিল বের করে ভাঙ্গচুরের চেষ্টা চালালে পুলিশ ধাওয়া দিয়ে ছত্রভঙ্গ করে দেয়। ভাঙ্গচুর চেষ্টার অভিযোগে ৫৯ জন ছাত্রকে গ্রেফতার করা হয়েছে।

### নরসিংদী

নরসিংদীর নিজস্ব সংবাদদতা জানান, বেলা ১২টায় নরসিংদী শহর ও আশপাশের ছাত্রা শহরের বিভিন্ন এলাকায় বিক্ষোভ প্রদর্শন করে। এ সময় কিছু সংখ্যক উচ্ছৃঙ্খল ছাতর বাসষ্ট্যাণ্ড, বাঘহাটা এবং কারারয়ের এলাকায় ২০টি বাস ভাঙ্গচুর করেছে। ছাত্রদের ইটপাটকেলে ৬ জন যাত্রী ও চালক আহত হয়েছে। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের ও বিআরটিসির ৪টি বাস ভাঙ্গচুরের কবলে পড়ে।

### মুন্সীগঞ্জ

নিজস্ব সংবাদাতা জানান, গতকাল মুন্সীগঞ্জে স্কুলের কতিপয় উচ্ছৃংখল ছাত্র ২টি সরকারী গাড়ীসহ ৮টি বাস ভাঙ্গচুর করে। তাদের ব্যাপক বোমাবাজিতে কমপক্ষে ১০ জন আহত হয়। পরে তারা ডিসি অফিসে স্মারকলিপি পেশ করে।

### টাঙ্গাইল

টাঙ্গাইল থেকে নিজস্ব সংবাদতার ফোন।— টাঙ্গাইল শহরের বিভিন্ন স্কুলের ছাত্ররা সকালে বিক্ষোভ মিছিল বের করে। মিছিল চলাকালে উত্তেজিত ছাত্ররা ৩টি গাড়ী ভাঙ্গচুর করে। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে পুলিশ ১৯ জন ছাত্রকে আটক করেছে।